ভোরের কাগজ

তারিখ ... JUL 12 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

12

## শিক্ষামন্ত্রণালয়কে ধন্যবাদ জানাই

খবরের কাগজে পড়লাম দুর্নীতি ও অব্যবস্থাপনার কারণে সরকার দেশের দুই শতাধিক মাদ্রাসার স্বীকৃতি ও এমপিও ভুক্তি সাময়িকভাবে প্রত্যাহার করেছে। দেশের মাদ্রাসা শিক্ষা পিছিয়ে পড়ার কারণ দুর্নীতি ও অব্যবস্থাপনা। দেশের এমন অনেক মাদ্রাসা আছে যেগুলো নামসর্বস্ব, ছাত্রছাত্রী বিহীন। এদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া অনেক আগেই দরকার ছিল। যা হোক দেরিতে হলেও শিক্ষামন্ত্রণায় একটি সময়োপযোগী সিদ্ধান্ত নিতে পেরেছে। এজন্য ধন্যবাদ জানাই। এসব মাদ্রাসা সম্বন্ধে আরো খোঁজ খবর নিয়ে শাস্তিমূলক ব্যবস্থা নিলে দেশের জনগণ লাভবান হবে।

শেখ মোহাম্মদ আলী
শিক্ষা (সম্মান) প্রথম ব্যাচ
আই ই আর
ঢাকা বিশ্ববিদ্যালয়।